



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৫/ ৭৫৯২

তারিখঃ ৩১ অক্টোবর, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কাউন্সিলী জাকেরুল উলুম ফাজিল মাদরাসা, ডাকঘরঃ উত্তর কাউন্সিলী, থানাঃ আকবর শাহ, জেলাঃ চট্টগ্রাম-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৬.০২.২০১৯ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। শিক্ষক, শিক্ষার্থীদের আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
- ২। যুগোপযোগী রেফারেন্স গ্রন্থ দ্বারা গ্রন্থাগার সমৃদ্ধ করতে হবে।
- ৩। অফিস সহকারীর অফিস ব্যবস্থাপনা বিষয়ে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৪। শিক্ষার্থীদের সৃজনশীলতা বাড়াতে বার্ষিক সাময়িকী প্রকাশ ও শিক্ষা সফরের উদ্যোগ নিতে হবে।
- ৫। অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করে শতভাগ আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
- ৬। প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে।
- ৭। অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- ৮। ইলমে তাজবীদ ও আরবি ভাষা শিক্ষার প্রতি শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৯। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

(Signature) 16.10.19

(ড. জাভেদ আহমাদ)

সহঃ পরিদর্শক (অতিঃ দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

কাউন্সিলী জাকেরুল উলুম ফাজিল মাদরাসা
ডাকঘরঃ উত্তর কাউন্সিলী, থানাঃ আকবর শাহ, জেলাঃ চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৫/ ৭৫৯২

তারিখঃ ৩১ অক্টোবর, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, অধ্যক্ষ, কাউন্সিলী জাকেরুল উলুম ফাজিল মাদরাসা, ডাকঘরঃ উত্তর কাউন্সিলী, থানাঃ আকবর শাহ, জেলাঃ চট্টগ্রাম।
- ৮। অফিস নথি।

(Signature)
16.10.2019

(মুহাম্মদ লুৎফুর রহমান)
সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮

অধি/নবায়ন/ফাইল নং- চট্ট-২৮